বিভাগ 1
সূচনা

এই বিভাগটিতে রয়েছে

- **কমার্শিয়াল মোটর ভেহিকেলস (Commercial Motor Vehicles, CMV)**
- **কমার্শিয়াল ড্রাইভার লাইসেন্স (Commercial Driver License, CDL) এবং কমার্শিয়াল লার্নার পারমিট (Commercial Learner Permit, CLP) ক্লাস, পৃষ্ঠপোষণ এবং বিধিনিষেধ**
- **কমার্শিয়াল ড্রাইভার লাইসেন্স এবং কমার্শিয়াল লার্নার পারমিটের আবশ্যিকতা**
- **কমার্শিয়াল ড্রাইভার লাইসেন্স পরীক্ষা**
- **বাস চালকদের জন্য অতিরিক্ত আবশ্যিকতা**
- **ড্রাইভারদের অযোগ্যতা**
- **অন্যান্য বাণিজ্যিক সুবিধা সংক্রান্ত নিয়মকানুন**
- **আন্তর্জাতিক রেজিস্ট্রেশন প্ল্যান এবং আন্তর্জাতিক জ্বালানি কর চুক্তি**

1.1 – কমার্শিয়াল মোটর ভেহিকেলস (CMV)

নিম্নলিখিত যে কোনো CMV চালানোর জন্য আপনার কমার্শিয়াল ড্রাইভার লাইসেন্স (CDL) বা কমার্শিয়াল লার্নার পারমিট (CLP) থাকা আবশ্যিক:

- যে কোনো গাড়ি যার গ্রস ভেহিকেল ওয়েট রেটিং (gross vehicle weight rating, GVWR) হল 26,001 পাউন্ড বা তার বেশি।
- 10,000 পাউন্ড বা তার বেশি GVWR থাকা কোনো ট্রেলার যদি গ্রস কম্বিনেশন ওয়েট রেটিং (gross combination weight rating, GCWR) 26,001 পাউন্ড বা তার বেশি হয়। GCWR হল পাওয়ার ইউনিটের GVWR সাথে প্রতিটি গাড়ির GVWR।
- 15 জন বা ততোধিক যাত্রী পরিবহন (ড্রাইভার বাদে) করার মত করে তৈরী গাড়ি বা NYS ভেহিকেল অ্যান্ড ট্রাফিক ল্য-র (Vehicle and Traffic Law, VTL)অনুচ্ছেদ 19-A, বিভাগ 509-a-তে বাস হিসাবে সংজ্ঞায়িত কোনো গাড়ি।
- পরিবর্তন করা একটি গাড়িকে সাধারণত "স্ট্রেচ লিমুজিন" হিসাবে উল্লেখ করা হয় যা ড্রাইভার সহ 9 বা তার বেশি যাত্রী বহন করার জন্য পরিবর্তিত।
- এমন কোনো গাড়ি যেটিতে বিপজ্জনক পদার্থের প্ল্যাকার্ড লাগানো আবশ্যিক বা যা 42 CFR পার্ট 73-তে নির্বাচিত এজেন্ট বা বিষাক্ত পদার্থ হিসাবে তালিকাভুক্ত উপকরণ বহন করে। হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের মাধ্যমে ফেডারেল নিয়মকানুনে বিপজ্জনক পদার্থ অনুমোদনের আগে প্রেক্ষাপট পরীক্ষা ও আঙ্গুলের ছাপ নেওয়া আবশ্যিক।

ব্যতিক্রম

নিম্নলিখিত গাড়িগুলির চালক যারা অন্যথায় CMV-র সংজ্ঞা পূরণ করেন, তারা CDL-এর আবশ্যিকতা থেকে ছাড় পাবেন:

- 26,000 পাউন্ডের থেকে বেশি GVWR থাকা গাড়ি যা কোনো চাষীর মালিকানাভুক্ত ও চালিত এবং যেটি কৃষিজ পণ্য, খামারের মেশিনারি, বা খামারের পণ্য খামার থেকে 150 মাইলের মধ্যে চালান করতে ব্যবহার করা হয়।
- মোটর স্ক্রেপার, ব্যাকহো, মোটর গ্রেডার, কম্প্যাক্টর, ট্র্যাক্টর, ট্রেঞ্চার, বুলডোজার, এবং রেলসড়ক রক্ষণাবেক্ষণের ক্রেনগুলি যদি এমন কোন নির্মাণ স্থলে কাজ করে যেখানে জনসাধারণের যাতায়াতের সুবিধা নেই বা স্বাভাবিকের থেকে কম গতিতে সীমিত দূরত্বের জন্য জনসাধারণের জন্য খুলে দেওয়া কোনো প্রকাশ্য সড়কে কাজ করে তখন এই গাড়িগুলিও ছাড়ের আওতায় আসবে, তবে তা এই শর্তে যে সরঞ্জামটিকে পরিবহনের উদ্দেশ্যে আর ব্যবহার করা হচ্ছে না। এইরকম গাড়ি, যখন কোনো নির্মাণ স্থলে পৌঁছতে বা সেখান থেকে আসতে মাঝেমধ্যে প্রকাশ্য সড়কে চালানো হবে, তখন তা যেন অবশ্যই কোনো সহায়ক গাড়ির সাথে আসে বা অন্য কোনোভাবে সাধারণ ট্র্যাফিক থেকে আলাদা করা হয়।
- নিউ ইয়র্ক স্টেটে আপত্কালীন কাজকর্মে নিয়োজিত দমকল ও পুলিশের গাড়ি।
- সশস্ত্র বাহিনীর সদস্যদের দ্বারা চালিত সামরিক গাড়ি বা অনেকরকমের গাড়ি।
- ব্যক্তিগত গাড়ি (যার মধ্যে 26,000 পাউন্ডের GVWR থাকা ভাড়ার গাড়িও অন্তর্ভুক্ত রয়েছে) যা কঠোর এবং বিশেষভাবে ব্যক্তিগত জিনিসপত্র বা পরিবারের সদস্যদের অবাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহনের জন্যই ব্যবহার করা হয়।

ছবি 1.1 নিউ ইয়র্ক স্টেট CDL শ্রেণীর বিবরণ

লাইসেন্সের শ্রেণী (ন্যূনতম বয়স)	গাড়ির প্রকার	গাড়ির বিবরণ	অনুমোদনের কোডসমূহ
A (21) (18 -কোনো আন্তঃরাজ্য ব্যবসায়িক কার্যক্রম নয়। বিপজ্জনক উপকরণ পরিবহন করতে পারবে না বা স্কুল বাস চালাতে পারবে না।)	**মিশ্রণ–** যেমন ট্র্যাক্টর-ট্রেলার বা ট্রাক-ট্রেলার	• 26,000 পাউন্ডের থেকে বেশি ওজনের গ্রস কম্বিনেশন ওয়েট রেটিং (GCWR) তবে তা এই শর্তে যে টেনে নিয়ে যাওয়া গাড়ির (গুলির) গ্রস ভেহিকেল ওয়েট রেটিং (GVWR) বা গাড়িটির(গুলির) GCWR (গুলি) যেন 10,000 পাউন্ডের থেকে বেশি হয়।	H**, M, N, P, S, T, W, X** কমার্শিয়াল লার্নার পারমিট (CLP) এর মধ্যে সীমিত রয়েছে: M, N, P, S, W
B **(21)** (18 -কোনো আন্তঃরাজ্য ব্যবসায়িক কার্যক্রম নয়। বিপজ্জনক উপকরণ পরিবহন করতে পারবে না বা স্কুল বাস চালাতে পারবে না।)	**একক–** যেমন ভারী একক ইউনিট ট্রাক বা বাস	• যার GVWR 26,000 পাউন্ডের বেশি (ক্লাস B 10,000 পাউন্ড বা তার কম GVWR থাকা গাড়িকে টেনে নিয়ে যেতে পারে, অথবা GCWR 26,000 পাউন্ডের বেশি না হলে 10,000 পাউন্ডের বেশি গাড়িকে টেনে নিয়ে যেতে পারে।)	H**, M, N, P, S, W, X** কমার্শিয়াল লার্নার পারমিট (CLP) এর মধ্যে সীমিত রয়েছে: M, N, P, S, W
C **(21)** (18 - কোনো আন্তঃরাজ্য বাণিজ্যিক কার্যক্রম নয়। বিপজ্জনক উপকরণ পরিবহন করতে পারবে না বা স্কুল বাস চালাতে পারবে না।)	**একক–** যেমন এক ইউনিট ট্রাক, বাস অথবা স্ট্রেচ লিমো****	• 26,000 পাউন্ড বা তার থেকে কম GVWR যা: - 15জন বা তার থেকে বেশি যাত্রী বহন করে; **বা** - V&T আইনের অনুচ্ছেদ 19-A-র অধীনে যাত্রী বহন করে; **বা** - স্ট্রেচ লিমুজিন****; **অথবা** - বিপজ্জনক উপকরণ বহন করে (ক্লাস C 10,000 পাউন্ড বা তার কম GVWR থাকা গাড়িকে, বা 26,000 পাউন্ডের থেকে কম GCWR থাকলে 10,000 পাউন্ডের গাড়িকেও টেনে নিয়ে যেতে পারে।)	H**, M, N, P, S, W, X**

দ্রষ্টব্য: সমস্ত শ্রেণীর লাইসেন্স লেবেলযুক্ত হতে পারে বা "এনহ্যান্সড" হিসাবে উপলব্ধ হতে পারে, যা একজন ব্যক্তির ড্রাইভিং বিশেষাধিকারকে পরিবর্তিত করে না (ID-44 টি পড়ুন)।

* জুনিয়র লাইসেন্স বিধিনিষেধ সাপেক্ষে।
** প্রয়োজনের জন্য হ্যাজম্যাট ম্যানুয়াল (CDL-11) দেখুন।
*** যে আবেদনকারীরা খামারের (F)(G) এবং/অথবা টো ট্রাকের (W) অনুমোদন চান তারা সেই সময়ে একটি নন-CDL C লাইসেন্স পেতে থাকবেন।
**** পরিবর্তিত একটি মোটর গাড়িকে সাধারণত "স্ট্রেচ লিমুজিন" হিসাবে উল্লেখ করা হয় যা ড্রাইভার সহ নয় বা তার বেশি যাত্রী বহন করার জন্য পরিবর্তিত।

ছবি 1.2 নিউ ইয়র্ক স্টেটের অনুমোদন

F	খামারের ক্লাস A গাড়ি	R	প্রমোদমূলক গাড়ি যার GVWR 26,000 পাউন্ডের উর্ধ্বে।
G	খামারের ক্লাস B গাড়ি	S	স্কুল বাস
H	বিপজ্জনক উপকরণ	T	দ্বিগুণ/তিনগুণ
M	ধাতব কয়েল	W	টো ট্রাক
N	ট্যাঙ্ক ভেহিকেল	X	ট্যাঙ্ক/বিপজ্জনক উপকরণ
P	যাত্রী পরিবহন		

ছবি 1.3 নিউ ইয়র্ক স্টেটের বিধি নিষেধ

লাইসেন্সের বিধিনিষেধগুলি আপনার গাড়ি চালানোর সীমাবদ্ধতাগুলিও ব্যাখ্যা করে দেয়। লাইসেন্সের বিধিনিষেধের কোডগুলি আপনার লাইসেন্সের সামনে "মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ" এবং "E" অনুমোদন ক্ষেত্রের নীচে "R" অক্ষরের পরে মুদ্রিত থাকে। আপনার যদি কোনো বিধিনিষেধ থাকে তাহলে সেটি আপনার ফটো লাইসেন্স নথির পিছনে মুদ্রিত থাকবে:

A . . . অ্যাক্সেল লেস্ট অফ ব্রেক
A1 . . . সাময়িক পরিদর্শক
A2 . . . সমস্যা থাকা ড্রাইভার ★
A3 . . . মেড সার্ট অব্যাহতি ★★
A4 . . . ইগনিশন ইন্টারলক ডিভাইস ★★★★★
B . . . সংশোধনমূলক লেন্স
C . . . যান্ত্রিক সহায়তা
D . . . প্রস্থেটিক ডিভাইস
E . . . কোনো হস্তচালিত চালানোর সরঞ্জামে সজ্জিত CMV ★★
E1 . . . স্বয়ংক্রিয় চালনা
F . . . আয়নার বাইরে
F1 . . . হিয়ারিং এইড বা ফুল-ভিউ আয়না
G . . . শুধুমাত্র দিনের আলোয় গাড়ি চালান
H . . . কর্মসংস্থান পর্যন্ত সীমিত
I . . . সীমিত ব্যবহার অটো MAX 40 MPH
I1 . . . সীমিত ব্যবহার MCY MAX 40 MPH★★★★
I2 . . . সীমিত ব্যবহার MCY MAX 30 MPH★★★★
I3 . . . সীমিত ব্যবহার MCY MAX 20 MPH ★★★★
I4 . . . তিন চাকার MCY ★★★★
K . . . শুধু CDL ইন্ট্রাস্টেট ★★
(বাণিজ্যিক উদ্দেশ্যে NYS-এর বাইরে চালানো যাবে না)

L . . . কোনো এয়ারব্রেক সজ্জিত CMV নয় ★★
M . . . কোনো ক্লাস A যাত্রীবাহী গাড়ি নয় ★★
N . . . কোনো ক্লাস A এবং B যাত্রীবাহী গাড়ি নয় ★★
N1 . . . 15 বা ততোধিক যাত্রীদের মত করে তৈরী কোনো গাড়ি নয় ★★
N2 . . . 8 বা ততোধিক যাত্রীদের মত করে তৈরী কোনো গাড়ি নয় ★★
O . . . কোনো ট্র্যাক্টর/ট্রেলার CMV নয় ★★
O1 . . . কোনো ট্র্যাক্টর ট্রেলার CMV/26,000 GVWR-র বেশি ট্রাক নয় ★★
P . . . CMV বাসে কোনো যাত্রী থাকা চলবে না ★★★
P1 . . . শক্তিচালিত ব্রেক
Q . . . শক্তিচালিত স্টিয়ারিং
R . . . সীট/পেড/জুতো নির্মিত
U . . . হস্তচালিত ব্রেক
V . . . চিকিৎসামূলক বৈচিত্র্য ★★
V1 . . . পা দিয়ে চালানো পার্কিং ব্রেক
X . . . CMV ট্যাঙ্ক গাড়িতে কোনো মাল পরিবহন নয় ★★★
X1 . . . সম্পূর্ণ হাতে নিয়ন্ত্রণ
Y . . . কাঁধের বেল্ট ব্যবহার করতে হবে
Z . . . কোনো ফুল এয়ারব্রেক সজ্জিত CMV নয়★★
Z1 . . . হুইল স্পিনার
4 . . . টেলিস্কোপিক লেন্স 4
5 . . . কোনো সীমিত সুবিধা লাভের রাস্তা নয়

★ শুধুমাত্র ক্লাস D
★★ শুধুমাত্র কমার্শিয়াল ক্লাস
★★★ শুধুমাত্র কমার্শিয়াল লার্নারদের পারমিট
★★★★ শুধুমাত্র মোটরসাইকেল ক্লাস
★★★★★ যদি লাইসেন্সধারীর কর্মসংস্থানের সময়ে গাড়ির ব্যবহার হয়ে থাকে তাহলে লাইসেন্সধারীর নিয়োগকারীর মালিকানাভুক্ত মোটর গাড়ির ইন্টারলক ডিভাইস থাকা আবশ্যিক নয়। নিয়োগকারীকে অবশ্যই ডিভাইস ছাড়া গাড়িটি ব্যবহারে সম্মতি দিতে হবে।

1.2 – কমার্শিয়াল ড্রাইভার লাইসেন্স (CDL) এবং কমার্শিয়াল লার্নার পারমিট (CLP) ক্লাসসমূহ, অনুমোদন এবং বিধিনিষেধ

CDL এবং CLP ক্লাসসমূহ, অনুমোদন ও বিধিনিষেধগুলি যে ধরনের CMV চালানো হচ্ছে তার উপর নির্ভর করে। CMV-র প্রকারটি গাড়ি নির্মাতার GVWR (একক গাড়ির জন্য) বা GCWR (মিশ্রিত গাড়ির জন্য), নির্মাণ বা ব্যবহার দ্বারা নির্ধারিত হবে। (NYS VTL-এর অধীনে, CMV ওজনের শ্রেণীবিভাগগুলি নিম্নলিখিত ওজনের বেশি হিসাবে স্থির হবে: নির্মাতার GVWR বা GCWR, নিবন্ধীকরণ ওজন, বা গাড়ির(গুলির) আসল ওজন এবং ভার।) CLP/CDL ক্লাসসমূহ, অনুমোদন এবং বিধিনিষেধগুলি তাই পৃষ্ঠা 1-2-এ দেখানো ছবি 1.1, 1.2 এবং 1.3 অনুসারে গাড়ির ওজন, নির্মাণ বা ব্যবহারের উপর ভিত্তিশীল হবে।

1.3 – কমার্শিয়াল ড্রাইভার লাইসেন্স এবং কমার্শিয়াল লার্নার পারমিট আবশ্যিকতা

নিউ ইয়র্ক স্টেট ড্রাইভার লাইসেন্সিংয়ের মানগুলি কমার্শিয়াল ড্রাইভার লাইসেন্স (CDL) এবং কমার্শিয়াল লার্নার পারমিটের (CLP) সাথে জড়িত ফেডারেল আইনগুলি মেনে চলে। NYS CDL বা CLP পেতে গেলে আপনাকে অবশ্যই নিম্নলিখিক মান ও আবশ্যিকতাগুলি পূরণ করতে হবে:

1.3.1 – আইনি উপস্থিতির আবশ্যিকতা

US নাগরিকরা এবং আইনতঃ স্থায়ী বাসিন্দারা অবশ্যই কোনো DMV অফিসে গিয়ে তাদের নাগরিকত্ব বা অসীমিত আইনি স্থায়ী বসবাসের প্রমাণ দেবেন। একবার কোনো DMV অফিসে গিয়ে আপনি এই আবশ্যিকতা পূরণ করতে পারলে আপনাকে আর আপনার আইনি স্থিতি প্রমাণ করতে হবে না। বৈদেশিক বিচারক্ষেত্র থেকে আসা আবেদনকারীকে অবশ্যই প্রতি লেনদেনের জন্য DMV অফিসে আপনার আইনি উপস্থিতির প্রমাণ দিতে হবে। ইউএস নাগরিকত্ব, আইনি স্থায়ী আবাসিকতা, বা সাময়িকভাবে আইনি উপস্থিতির প্রমাণ হিসাবে যা যা নথিপত্র লাগবে তার তালিকা দেখতে অনুগ্রহ করে ফরম ID-44CDL দেখুন।

1.3.2 – আবাসিক হওয়ার আবশ্যিকতা

NYS CLP বা CDL পেতে গেলে আপনাকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা হতে হবে। আপনার CLP/CDL-এর আবেদন, স্থানান্তর, পুনর্নবীকরণ এবং সংশোধন করাতে গেলে বসবাসের একটি প্রমাণ থাকা আবশ্যিক। নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দা হিসাবে প্রমাণ জমা করতে গেলে যা যা নথিপত্র লাগবে তার তালিকা দেখতে অনুগ্রহ করে ফরম ID-44CDL দেখুন।

অন্য কোনো বিচারক্ষেত্র থেকে পাওয়া CDL ধারক ড্রাইভার যদি নিউ ইয়র্ক স্টেটে চলে আসেন তাহলে তাকে বসবাস প্রতিষ্ঠা করার পরে 30 দিনের মধ্যে NYS CDL-এর জন্য আবেদন করতে হবে। কোনো নতুন আবাসিক হয়তো অন্য কোনো বিচারক্ষেত্রের প্রদত্ত CDL বিনিময় করে NYS CDL-এর আবেদন করতে পারেন (পারস্পরিক)। *যাইহোক, কোনো বিপজ্জনক উপকরণের (হ্যাজম্যাট) অনুমোদন রাখার জন্য, আপনাকে অবশ্যই ফী দিয়ে, হ্যাজম্যাটের লিখিত পরীক্ষাটি দিতে হবে এবং সেটিতে উত্তীর্ণ হতে হবে (উত্তীর্ণ হওয়ার স্কোর 80%), এবং প্রেক্ষাপট অনুসন্ধান করানোর জন্য অর্থ দিয়ে সেটিতেও উত্তীর্ণ হতে হবে। (বিভাগ 9, বিপজ্জনক পদার্থ দেখুন।)*

1.3.3 – বয়সের আবশ্যিকতা

<u>ক্লাস A, B এবং C</u> – আপনার বয়স অবশ্যই **18** বছর হতে হবে, *কিন্তু 21 বছরের নীচে বয়স হলে আপনি শুধুমাত্র **ইন্ট্রা**স্টেট কমার্সের জন্য (নিউ ইয়র্ক স্টেটের মধ্যে) CMV চালাতে পারবেন, স্কুলবাসে শিক্ষার্থী পরিবহন করতে পারবেন না, এবং বিপজ্জনক উপকরণ বহন করতে পারবেন না।*

1.3.4 – ভাষার আবশ্যিকতা

আপনাকে অবশ্যই পর্যাপ্ত মাত্রায় ইংরেজী পড়তে ও বলতে পারতে হবে যাতে:

- অন্য ব্যক্তিদের সাথে কথাবার্তা বলা যায়,
- ইংরেজী ভাষায় লেখা হাইওয়ের ট্র্যাফিক সাইন ও সিগন্যাল বুঝতে পারেন,
- আধিকারিকরা কোনো প্রশ্ন জিজ্ঞাসা করলে তার উত্তর দিতে পারেন,
- রিপোর্ট ও নথিতে এন্ট্রি করতে পারেন, এবং
- আপনার CDL পাওয়ার জন্য পরীক্ষাগুলিতে বসার দক্ষতা থাকার জন্য

1.3.5 – স্ব-প্রত্যয়নের আবশ্যিকতা

ফেডারেল মোটর ক্যারিয়ার সেফটি অ্যাডমিনিস্ট্রেশনের (Federal Motor Carrier Safety Administration, FMCSA) নিয়মকানুনের জন্য সব নিউ ইয়র্ক স্টেট CLP বা CDL ধারককে মোটরযান বিভাগের (Department of Motor Vehicles, DMV) কাছে তারা যে ধরনের বাণিজ্যিক কার্যকলাপ চালাচ্ছেন বা চালাবেন বলে মনে করছেন সেটির শংসাপত্র দান করতে হবে। সব CLP বা CDL ধারককে অবশ্যই CLP বা CDL জারি, সংশোধন বা পুনর্নবীকরণের আগে ছবি 1-4-এ তালিকাভুক্ত চারটি শ্রেণীর একটিকে প্রত্যয়িত করতে হবে (স্ব-প্রত্যয়ন ড্রাইভিংয়ের প্রকার)। তার সাথে, আপনি কোন ধরনের ড্রাইভিংয়ের প্রকারটি স্ব-প্রত্যয়ন করছেন তার উপর ভিত্তি করে আপনার উপর প্রযোজ্য নির্দিষ্ট কিছু চিকিৎসামূলক আবশ্যিকতাও থাকতে পারে। বিভাগ 1.3.6-এ চিকিৎসামূলক আবশ্যিকতার ব্যাখ্যা পাওয়া যাবে।

ব্যতিক্রমবিহীন ইন্টারস্টেট (NON-EXCEPTED INTERSTATE, NI) • 21 বছর বয়স বা তার ঊর্ধ্বে হতে হবে • অবশ্যই K বা A3 বিধিনিষেধ থাকবে না • চিকিৎসা বৈচিত্র্য থাকা CDL ধারকদের অবশ্যই V নিষেধাজ্ঞা থাকবে • H বা X অনুমোদন থাকা CDL ধারকরা এই ধরনের ড্রাইভিংয়ের প্রকার বেছে নিতে পারেন • বর্তমান USDOT চিকিৎসা পরীক্ষকের শংসাপত্র থাকা আবশ্যিক	**ব্যতিক্রমী ইন্টারস্টেট (EXCEPTED INTERSTATE, EI)** • 18 বছর বয়স বা তার ঊর্ধ্বে হতে হবে • অবশ্যই শুধুমাত্র “ব্যতিক্রমী কার্যকলাপে” নিয়োজিত হতে হবে • অবশ্যই A3 নিষেধাজ্ঞা থাকতে হবে • K বা V নিষেধাজ্ঞা থাকা চলবে না • H বা X অনুমোদন থাকা চলবে না • চিকিৎসা পরীক্ষকের শংসাপত্র থাকা আবশ্যিক নয় * ব্যতিক্রমী ড্রাইভিংয়ের প্রকারগুলি দেখার জন্য বিভাগ 1.3.6 দেখুন
অ-ব্যতিক্রমী ইন্ট্রাস্টেট (NON-EXCEPTED INTRASTATE, NA) • 18 বছর বয়স বা তার ঊর্ধ্বে হতে হবে • অবশ্যই K বিধিনিষেধ থাকবে • অবশ্যই A3 বিধিনিষেধ থাকবে না • চিকিৎসা বৈচিত্র্য থাকা CDL ধারকদের অবশ্যই V নিষেধাজ্ঞা থাকবে • **21 বছর বা তার** ঊর্ধ্বের CDL ধারক যাদের H বা X অনুমোদন আছে তারা ড্রাইভিংয়ের এই প্রকারটি বেছে নিতে পারেন • বর্তমান USDOT চিকিৎসা পরীক্ষকের শংসাপত্র থাকা আবশ্যিক	**ব্যতিক্রমী ইন্ট্রাস্টেট (EXCEPTED* INTRASTATE, EA)** • 18 বছর বয়স বা তার ঊর্ধ্বে হতে হবে • অবশ্যই শুধুমাত্র “ব্যতিক্রমী কার্যকলাপে” নিয়োজিত হতে হবে • অবশ্যই K ও A3 নিষেধাজ্ঞা থাকতে হবে • V নিষেধাজ্ঞা থাকা চলবে না • H বা X অনুমোদন থাকা চলবে না • চিকিৎসা পরীক্ষকের শংসাপত্র থাকা আবশ্যিক নয় * ব্যতিক্রমী ড্রাইভিংয়ের প্রকারগুলি দেখার জন্য বিভাগ 1.3.6 দেখুন

ছবি 1.4 স্ব-প্রত্যয়নের ড্রাইভিংয়ের প্রকার

“ইন্টারস্টেট” বাণিজ্য হল যখন আপনি CMVটি:

- এক স্টেট থেকে অন্য স্টেটে বা বিদেশে;
- নিউ ইয়র্ক স্টেটের দুটি স্থানের মধ্যে, কিন্তু সফরের কোনো এক অংশে, CMV-টিকে অন্য কোনো স্টেট বা বিদেশে ঢুকতে হয়; বা
- নিউ ইয়র্ক স্টেটের দুটি স্থানের মধ্যে, কিন্তু কার্গোটি এমন কোনো সফরের অংশ যা বিদেশে বা অন্য কোনো স্টেটে শুরু বা শেষ হবে।

“ইন্ট্রাস্টেট” বাণিজ্য মানে আপনি যখন কোনো CMV শুধুমাত্র নিউ ইয়র্ক স্টেটের মধ্যে চালাচ্ছেন এবং ইন্ট্রাস্টেট বাণিজ্যের জন্য উপরে দেওয়া কোনো বিবরণটি আপনার পূরণ করার দরকার পড়ে না।

1.3.6 – চিকিৎসা পরীক্ষার আবশ্যিকতা

যদি আপনি অ-ব্যতিক্রমী ড্রাইভিং প্রকার (NA বা NI) হিসাবে নিজেকে প্রত্যয়িত করেন, তাহলে ফেডারেল সরকারের আবশ্যিকতা মেনে আপনাকে আপনার শারীরিক ও মানসিক অবস্থা নির্ণয় করানোর জন্য একটি চিকিৎসা পরীক্ষা করাতে হয় যে পরিস্থিতিগুলি নিরাপদে আপনার মোটর গাড়ি চালানোর ক্ষমতাকে প্রভাবিত করতে পারে। পরীক্ষার আবশ্যিকতাগুলি যুক্তরাষ্ট্রের পরিবহন বিভাগ (U.S. Department of Transportation's, USDOT) ফেডারেল মোটর ক্যারিয়ার সেফটি অ্যাডমিনিস্ট্রেশন রেগুলেশনের 49 CFR Part 391-র অধীনে পাওয়া যাবে। USDOT চিকিৎসা পরীক্ষাটি 13টি ক্ষেত্রকে অন্তর্ভুক্ত করে, যেগুলি নিরাপদে গাড়ি চালানোর ক্ষমতাকে সরাসরি প্রভাবিত করে। **আপনি অবশ্যই USDOT চিকিৎসা পরীক্ষাটিতে উত্তীর্ণ হবেন, এবং USDOT চিকিৎসা পরীক্ষকের শংসাপত্র গ্রহণ করবেন। NYS CLP বা CDL-এর আবেদন, সংশোধন বা পুনর্নবীকরণের জন্য MV-44 ফরম সম্পূর্ণ করার সময়ে, যদি আপনি প্রত্যয়িত করেন যে, আপনার কাছে কোনো সাম্প্রতিক, বৈধ চিকিৎসা পরীক্ষকের শংসাপত্র রয়েছে, তাহলে DMV-র ফাইলে সেটি না থাকলে, আপনি যে এই মানটি পূরণ করেছেন সেটি প্রমাণের জন্য আপনাকে অবশ্যই আপনার শংসাপত্রের একটি নকল DMV-কে জমা দিতে হবে।**

যদি আপনার চিকিৎসা পরীক্ষকের শংসাপত্রে নির্দেশ করা থাকে যে সাথে একটি মকুব/ব্যতিক্রম বা স্কিলস পারফরম্যান্স ইভ্যালুয়েশন (Skills Performance Evaluation, SPE) সার্টিফিকেট দিতে হবে, তাহলে আপনার চিকিৎসা শংসাপত্রে নির্দেশিত সেই একই প্রকারের একটি বৈধ FMCSA বৈচিত্র্য DMV-র ফাইলে থাকা আবশ্যিক।

আপনি যদি বৈধ চিকিৎসা নথিটি পেশ না করেন, বা সেটি ফাইলে না থাকে, তাহলে আপনার CLP বা CDL জারি, পুনর্নবীকরণ, বা সংশোধন করা হবে না।

বিঃ দ্রঃ: NYS ভেহিকেল এবং ট্র্যাফিক আইনের অনুচ্ছেদ 19-A-র শর্তাধীন বাস চালকদের জন্য করা শারীরিক পরীক্ষাটি ফেডারেল মোটর ক্যারিয়ার সেফটি রেগুলেশনের খন্ড 391 আবশ্যিকতা পূরণ করে না, যদি না ফেডারেল চিকিৎসা মান, পদ্ধতি এবং ফরম ব্যবহার করা হয়, এবং আপনি "চিকিৎসা পরীক্ষকের শংসাপত্র" পেয়ে থাকেন।

- <u>চিকিৎসা পরীক্ষকের শংসাপত্র বলতে কী বোঝায়?</u> USDOT চিকিৎসা পরীক্ষকের শংসাপত্রটি চিকিৎসা পরীক্ষকের রিপোর্টের সাথে একত্রিত থাকে, যেটি আবার ফেডারেল মোটর ক্যারিয়ার সেফটি অ্যাডমিনিস্ট্রেশনসের (FMCSA) ন্যাশনাল রেজিস্ট্রি অফ সার্টিফায়েড মেডিক্যাল এক্সামিনারদের কোনো শংসাপত্রপ্রাপ্ত চিকিৎসক সম্পূর্ণ করেন। **<u>21শে মে, 2014-তে বা তার পরে জারি করা সব চিকিৎসকের শংসাপত্রগুলিকে অবশ্যই প্রত্যয়িত চিকিৎসা পরীক্ষকের দ্বারা জারি করা হতে হবে এবং তাতে অবশ্যই চিকিৎসা পরীক্ষকের ন্যাশনাল রেজিস্ট্রি নম্বর থাকবে।</u>** যদি আপনি পরীক্ষাটিতে উত্তীর্ণ হন, তাহলে চিকিৎসা পরীক্ষক শংসাপত্রটি সম্পূর্ণ করবেন এবং আপনি যে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তা দেখাতে আপনাকে শংসাপত্রটি দেবেন। আপনি অবশ্যই আপনার শংসাপত্রের একটি নকল DMV-র কাছে পেশ করবেন যেখানে এটির মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত সেটিকে ফাইলে রেখে দেওয়া হবে। ফাইলে থাকা আপনার শংসাপত্রটির মেয়াদের তারিখের আগে, আপনি অবশ্যই DMV-কে চিকিৎসা পরীক্ষকের একটি আপডেট করা শংসাপত্র দেবেন। NYS CDL-এর আসল আবেদন, সংশোধন বা পুনর্নবীকরণ করার জন্য আবেদন জমা দেওয়ার সময় আপনার স্থানীয় DMV শুধুমাত্র চিকিৎসা পরীক্ষকের শংসাপত্রটিই গ্রহণ করবে। যদি আপনি এই লেনদেনগুলির একটিও না করেন, তাহলে আপনি অবশ্যই DMV-র মেডিক্যাল সার্টিফিকেশন ইউনিটকে আপনার শংসাপত্রটি ডাকযোগে পাঠাবেন বা মেল করবেন।

  NYS Department of Motor Vehicles
  Medical Certification Unit
  PO Box 2601
  Albany, NY 12220-0601
  ফোন #: (518) 474-3603
  ফ্যাক্স@: (518) 486-4421 বা 486-3260
  ইমেল: dmv.sm.CDLMedCertUnit@dmv.ny.gov

- <u>চিকিৎসা পরীক্ষকের শংসাপত্রটি কতদিন বৈধ থাকবে?</u> সাধারণতঃ USDOT চিকিৎসা পরীক্ষা 24 মাস পর্যন্ত বৈধ থাকে। যাইহোক, উচ্চ রক্তচাপের মত কোনো রোগ নিরীক্ষণ করার জন্য আপনার চিকিৎসক আপনাকে 24 মাসের কম সময়ের জন্যও চিকিৎসকের শংসাপত্র দিতে পারেন, কারণ চিকিৎসক আপনাকে প্রতি দুই বছর অন্তরের থেকে ঘন ঘন পরীক্ষা করতে চান।

- <u>কাদের চিকিৎসা পরীক্ষাটি করানো উচিত?</u> 21শে মে, 2014 থেকে শুধুমাত্র FMCSA ন্যাশনাল রেজিস্ট্রি অফ সার্টিফায়েড মেডিক্যাল এক্সামিনাররাই USDOT চিকিৎসা পরীক্ষা করতে পারবেন। 21শে মে, 2014-তে বা তার পরে জারি করা সব USDOT চিকিৎসা পরীক্ষকের শংসাপত্রগুলিকে অবশ্যই কোনো প্রত্যয়িত চিকিৎসকের কাছ থেকে করিয়ে আনতে হবে এবং তাতে অবশ্যই চিকিৎসা পরীক্ষকের ন্যাশনাল রেজিস্ট্রি নম্বর থাকবে।

- <u>আমি কী করে কোনো লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসা পরীক্ষককে খুঁজে বের করবো?</u> আপনার নিকটবর্তী অঞ্চলে কোনো শংসাপত্র প্রাপ্ত চিকিৎসককে খুঁজে পেতে, অনুগ্রহ করে ফেডারল ওয়েবসাইটটিতে যান: http://www.fmcsa.dot.gov/regulations/national-registry/national-registry-certified-medical-examiners

<u>*গুরুত্বপূর্ণ বিষয়:</u> ফাইলে থাকা চিকিৎসা নথির মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগেই আবশ্যিক চিকিৎসা নথির আপডেটেড নকল DMV-র কাছে জমা দেওয়াটা CLP বা CDL ধারকের দায়িত্ব। **DMV-র কাছে সাম্প্রতিকতম চিকিৎসা নথিটি রাখতে না পারলে আপনি আপনার কমার্শিয়াল ড্রাইভিংয়ের সুবিধা হারাতে পারেন।**

1.3.7 – চিকিৎসা পরীক্ষার ব্যতিক্রম

যদি আপনি নিজেকে **ব্যতিক্রমী** ড্রাইভিংয়ের প্রকারে (EA বা EI) প্রত্যয়িত করেন, তাহলে USDOT চিকিৎসা পরীক্ষকের শংসাপত্র আবশ্যিক নয়। **ব্যতিক্রমী** ড্রাইভিংয়ের প্রকার (EA বা EI) নিম্নলিখিত বাণিজ্যিক কার্যকলাপগুলির ক্ষেত্রে প্রযোজ্য:

- বাচ্চাদেরকে এবং/বা স্কুল কর্মীকে বাড়ি ও স্কুলের মধ্যে দিয়ে আসা-নিয়ে আসা;
- ফেডারেল, স্টেট বা স্থানীয় সরকারী কর্মচারী হিসাবে;
- মানব শবদেহ বা অসুস্থ অথবা আহত ব্যক্তিদের বহন করতে;
- আপত্কালীন পরিস্থিতিতে বা সংশ্লিষ্ট কার্যকলাপে দমকলের ট্রাক বা ত্রাণের গাড়ী;
- প্রাথমিকভাবে ঝড় বা বন্যার মত পরিস্থিতিতে প্রপেন গ্যাস সিস্টেমের ক্ষতি হওয়ার জন্য আপত্কালীন ভিত্তিতে সাড়া দেওয়ার সময় শীতকালে উষ্ণ রাখার জ্বালানি প্রপেন পরিবহনের জন্য;
- পাইপলাইন ফুটো হয়ে যাওয়া বা ছিদ্র হয়ে যাওয়ার মত অবিলম্বে আপত্কালীন প্রতিক্রিয়া লাগে এমন কোনো জরুরী অবস্থায়;
- কোনো খামারে প্রথাচলিত চাষের সময় বা খামারের মেশিনারি ও জোগান খামার থেকে নিয়ে আসা-যাওয়া করতে এবং খামারের ফসল কোনো সংরক্ষণাগার বা বাজারে পরিবহন করতে;
- মরশুমে মৌমাছি পরিবহন করতে মৌমাছি চাষীরা;
- কোনো কৃষক চালনা ও নিয়ন্ত্রণ করেন, কিন্তু মিশ্রিত গাড়ি নয় (শক্তি ইউনিট ও টাও ইউনিট), এবং ফার্ম থেকে 150 এয়ার-মাইলের মধ্যে কৃষিজ পণ্য, ফার্মের মেশিনারি, ফার্মের জোগান (প্ল্যাকার্ড লাগানো কোনো বিপজ্জনক পদার্থ নয়) নিয়ে যাওয়া আসা করতে ব্যবহার হয়;
- অবাণিজ্যিক উদ্দেশ্যে যাত্রীদের ব্যক্তিগত মোটর ক্যারিয়ার হিসাবে;
- অভিবাসী কর্মীদের পরিবহনের জন্য, আবশ্যিকভাবে 21 বছর বা তার উর্দ্ধে বয়স হতে হবে।
- যেসব ড্রাইভাররা 9/9/1999-র আগে তাদের NYS CDL করিয়ে নিয়েছেন তারা “অ-ব্যতিক্রমী” বাণিজ্যিক কার্যকলাপ (বিপজ্জনক পদার্থ পরিবহন ছাড়া) শুধুমাত্র NYS-এই করতে পারবেন। এই চালকরা নিজেদেরকে অবশ্যই EA হিসাবে প্রত্যয়িত করবেন।

1.3.8 – প্রযোজ্য এবং লিখিত পরীক্ষার আবশ্যিকতা

প্রথমবারের জন্য ক্লাস A, B, বা C CDL পেতে গেলে, উচ্চতর ক্লাসের CDL-এ আপগ্রেড করতে গেলে, বা কোনো CDL-এ “P” বা “S” অনুমোদন যোগ করতে গেলে, আপনাকে অবশ্যই আপনি যে গাড়িটি চালানোর পরিকল্পনা করছেন তার যথাযথ ক্লাস ও প্রকারের জন্য কমার্শিয়াল লার্নার পারমিট (CLP) করাতে হবে। লার্নার পারমিট করানোর জন্য, আপনার ইতিমধ্যেই একটি <u>NYS ড্রাইভার লাইসেন্স থাকা আবশ্যিক, যেটি স্থগিত, রদ বা বাতিল করা হয়নি।</u> আপনি অবশ্যই ব্যক্তিগতভাবে <u>NYS মোটরযান অফিসে গিয়ে আবেদন করবেন*।</u> আগে থেকে সাক্ষাৎকারের সময় ঠিক করানোর দরকার নেই, যাইহোক, আপনার কোনো বিশেষ প্রয়োজনীয়তা থাকলে আপনি অফিসের সাথে যোগাযোগ করবেন। পরীক্ষাসহ, সব প্রক্রিয়া শেষ হতে তিন ঘন্টা সময় লাগবে। অফিস বন্ধ হওয়ার নির্ধারিত সময়ের তিন ঘন্টা আগেই আসুন। মোটরযান অফিসে আপনি যা যা করবেন:

- একটি আবেদন ফরম (MV-44) সম্পূর্ণ করবেন, যাতে আপনি অবশ্যই:
  - যুক্তরাষ্ট্রে আপনার আইনি উপস্থিতির প্রমাণ জমা দেবেন (ফরম ID-44CDL দেখুন);
  - আপনার NYS-এ বসবাসের প্রমাণ জমা দিন (ফরম ID-44CDL দেখুন);
  - গত 10 বছরে আপনাকে যে যে স্টেটে গাড়ি চালানোর লাইসেন্স দেওয়া হয়েছিল সেগুলির একটি তালিকা করুন (কলাম্বিয়া ডিস্ট্রিক্টসহ);

  - ➢ আপনি যে ধরনের বাণিজ্যিক কার্যকলাপ করছেন, বা করার আশা করছেন সেটির স্ব-প্রত্যয়ন করুন;
  - ➢ যদি আপনি ফেডারেলের আবশ্যিকতা পূরণ করেন, তাহলে আপনি অবশ্যই আপনার চিকিৎসা পরীক্ষকের শংসাপত্রের একটি নকল পেশ করবেন।

- আপনার NYS ড্রাইভার লাইসেন্স দেখান।
- যদি NYS DMV-র কাছে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের কোনো নথি না থাকে, এবং আপনাকে আপনার কার্ড দেখাতে বলা হয়, তাহলে আপনার সোশ্যাল সিকিউরিটি কার্ড দেখান।
- ফী দিন যার মধ্যে আবেদন, ফটো নথি প্রক্রিয়াকরণ ও পরীক্ষার খরচ অন্তর্ভুক্ত রয়েছে।
- অন্ততঃ 80% প্রশ্নের সঠিক উত্তর দিয়ে সাধারণ জ্ঞানের পরীক্ষাটিতে এবং প্রয়োজনীয় কোনো অনুমোদনের পরীক্ষায় উত্তীর্ণ হন (বিভাগ 1.4); পেনসিল ছাড়া আপনি আর কোনো কিছু নিয়ে পরীক্ষা কক্ষে ঢুকতে পারবেন না, এবং আপনি অবশ্যই পরীক্ষায় (গুলিতে) বসার আগে আবার আপনার ড্রাইভিং লাইসেন্সটি দেখাবেন। মনে রাখবেন: কোনো সময়েই কোনো পরীক্ষাস্থলে সেল ফোন নিয়ে ঢোকা অনুমোদিত নয়।
- **CLPS-এর উপর ফেডারেলের তরফ থেকে হুকুম দেওয়া বিধিনিষেধ:**
  - ➢ CLPs যদি প্যাসেঞ্জার (P) বা স্কুল বাস (S) অনুমোদন জারি করে থাকে তাহলে সেগুলি স্বয়ংক্রিয়ভাবে নতুন ফেডারেল আদেশভুক্ত "DMV বাসে কোনো যাত্রী নয়" (P) নিষেধাজ্ঞায় রূপ নেবে।
  - ➢ ট্যাঙ্ক ভেহিকেলের (N) অনুমোদনসহ জারি করা CLP-গুলি স্বয়ংক্রিয়ভাবে "CMV ট্যাঙ্ক ভেহিকেলে কোনো কার্গো নয়" (X) নিষেধাজ্ঞায় রূপ নেবে।
  - ➢ P এবং X বিধিনিষেধগুলি শুধুমাত্র CLP-র ক্ষেত্রেই জারি করা হয়। প্রয়োজনীয় সব পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পরে যে CDL জারি করা হয় সেটিতে P বা X বিধিনিষেধ থাকবে না।

*NYS মোটর ভেহিকেলস অফিসগুলির অবস্থান ও কাজের ঘন্টা আপনার স্থানীয় টেলিফোন ডিরেক্টরিতে, NYS DMV-র ওয়েবসাইট www.dmv.ny.gov/offices.htm-এ অথবা NYS DMV-তে সপ্তাহের কাজের দিনগুলিতে（স্টেটস'এর ছুটির দিন ব্যতীত）（ইস্টার্ন সময়）সকাল 8.00টা থেকে বিকেল 4:30টার মধ্যে এই (518) 486-9786 নম্বরে ফোন করে জানা যেতে পারে।

1.3.9 – আপনার কমার্শিয়াল লার্নার পারমিট সহ গাড়ি চালানো

আপনার কমার্শিয়াল ড্রাইভার লার্নার পারমিটটি আপনাতে আপনার পারমিটের অনুমোদন ও ক্লাসের সাথে মিল থাকা কোনো ক্লাস ও প্রকারের গাড়ি চালানোর অনুমতি দেয় যতক্ষণ অবধি:

- আপনার CLPটি একটি অন্তর্নিহিত NYS লাইসেন্সের সাথেই আছে।
- একই বা উচ্চতর ক্লাসের CDL ধারক কোনো ড্রাইভার যার কাছে যথাযথ অনুমোদনও আছে তিনি *সর্বদা* আপনার সাথে থাকবেন;
- আপনার পারমিট এবং তত্ত্বাবধায়ক ড্রাইভারের CDL-এর এমন কোনো বিধিনিষেধ নেই যা অভ্যাস করা গাড়িটি চালানো নিষিদ্ধ করবে; এবং
- আপনি এমন কোনো পদার্থ পরিবহন করছেন না যার জন্য বিপজ্জনক পদার্থের (হ্যাজম্যাট) প্ল্যাকার্ড লাগানোর দরকার হয় বা যেটি 42 CFR 73-তে নির্বাচিত এজেন্ট বা বিষ হিসাবে তালিকাভুক্ত রয়েছে, এমনকি যদি তত্ত্বাবধায়ক ড্রাইভারের CDL-এ হ্যাজম্যাট অনুমোদন থাকে বা যদি আপনি নিজেই হ্যাজম্যাট অনুমোদনসহ নিম্নশ্রেণীর কোনো CDL ধারণ করেন।

1.3.10 – দক্ষতা পরীক্ষার আবশ্যিকতা

আপনার CDL-টি পেতে আপনাকে অবশ্যই প্রতিনিধিস্বরূপ থাকা গাড়িতে দক্ষতা পরীক্ষায় পাস করতে হবে- যেটির সাথে আপনার জরুরী CDL-এর ক্লাস, প্রকার ও ব্যবহারের মিল আছে। CDL দক্ষতা পরীক্ষার বিশদ সম্পর্কে এই ম্যানুয়ালের বিভাগ 11, 12, এবং 13 ভালো করে পড়ুন, এবং আপনার লার্নার পারমিটের সাথে গাড়ি চালানোর অভ্যাস করুন যতক্ষণ না আপনার নিজেকে আত্মবিশ্বাসী মনে হচ্ছে। আপনাকে হয় অনলাইনে www.dmv.ny.gov-এ গিয়ে অথবা 1-518-402-2100 টেলিফোন করে আপনার দক্ষতা পরীক্ষার সূচি ঠিক করতে হবে। আপনি যে তারিখে CLP পেয়েছেন সেই তারিখ থেকে অন্ততঃ 14 দিন অপেক্ষা করে তবেই আপনি দক্ষতা পরীক্ষায় বসতে পারবেন। আপনি যে তারিখে সাক্ষাৎকার ঠিক করছেন সেই তারিখ থেকে পরীক্ষার তারিখ পর্যন্ত সাধারণতঃ বেশ কয়েক সপ্তাহ থাকে, কাজেই আপনার পরীক্ষাটির সূচি আগেই ঠিক করে ফেলুন। আপনি অনলাইনে বা ফোন করেও নির্ধারিত দক্ষতা পরীক্ষা বাতিল করতে পারেন, কিন্তু সেটি করতে হলে আপনাকে পরীক্ষার নির্ধারিত *তারিখের তিন কর্মদিবস আগেই করে ফেলতে হবে।* যদি আপনি তার পরে বাতিল করেন, তাহলে আপনার দক্ষতা পরীক্ষার অর্থ নষ্ট হবে, এবং

পরীক্ষার সূচি আবার ঠিক করার আগে আপনাকে আবার দক্ষতা পরীক্ষার ফি জমা দিতে হবে। উপরে উল্লিখিত DMV ওয়েবসাইটে দক্ষতা পরীক্ষার সূচি ঠিক করানোর ব্যাপারে অতিরিক্ত তথ্য পাওয়া যাবে।

দক্ষতার পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য আপনাকে দেখাতে হবে যে আপনি প্রতিনিধিস্বরূপ থাকা গাড়িটি নিরাপদে ও সুযোগ্যভাবে পরীক্ষা করতে ও চালাতে পারছেন, এমন 50-এর কম পয়েন্ট কাটা যাচ্ছে। যেসব ব্যক্তি রাস্তায় নেমে করা পরীক্ষাটিতে উত্তীর্ণ হবেন তাদেরকে তাদের CDL লাইসেন্স পাওয়ার জন্য DMV অফিসে যাওয়ার আগে 1 দিন অপেক্ষা করতে বলা হবে।

পরীক্ষাটি চলাকালীন, যদি আপনি দুর্ঘটনা ঘটান, একবারের জন্যও ট্র্যাফিক লঙ্ঘন করেন বা বিপজ্জনক কাজকর্ম করেন, বা 50 পয়েন্টের থেকে বেশি হারান, তাহলে আপনি দক্ষতা পরীক্ষায় ব্যর্থ হবেন। যদি আপনি দক্ষতা পরীক্ষায় ব্যর্থ হন, তাহলে আপনি পরবর্তী পরীক্ষার তারিখে কোনো আসন উপলভ্য থাকলে আবার পরীক্ষায় বসতে পারেন। দক্ষতার পরীক্ষাটি আবার দেওয়ার জন্য কোনো ন্যূনতম অপেক্ষা পর্ব নেই (ব্যতিক্রম এটাই যে আপনি প্রতিদিন একটি মাত্র পরীক্ষায় বসতে পারবেন), কিন্তু পরবর্তী সাক্ষাৎকারের তারিখটি হয়তো আপনার করা তারিখের থেকে বেশ কয়েক সপ্তাহ পরে পড়বে। আপনার পরবর্তী সাক্ষাতের সূচি ঠিক করার আগে আপনাকে আবার দক্ষতা পরীক্ষার ফি জমা দিতে হবে।

1.3.11 – সামরিক ক্ষেত্রে দক্ষতা পরীক্ষা মকুব করা

কমিশনার অফ মোটর ভেহিকলেসের নিয়মকানুনে কমার্শিয়াল মোটর ভেহিকেল চালানোর সামরিক অভিজ্ঞতা থাকা CDL আবেদনকারী CDL দক্ষতা পরীক্ষা মকুব করার জন্য আবেদন করতে পারেন।

এই অব্যাহতির আবশ্যিকতাগুলি পূরণ করার জন্য, আবেদনকারীকে অবশ্যই:

- বর্তমানে বৈধ NYS ড্রাইভার লাইসেন্স থাকতে হবে বা NYS ড্রাইভার লাইসেন্সের সাথে বিনিময় করার জন্য স্টেটের বাইরের বৈধ লাইসেন্স থাকতে হবে
- NYS CDL-এর জন্য যোগ্য হতে আবশ্যিকতাগুলি পূরণ করতে হবে
- এমন কোনো সামরিক পদমর্যাদায় (সক্রিয় কাজ বা নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড) বর্তমানে নিয়মিত সময়ের জন্য নিযুক্ত থাকতে হবে (বা আগের 12 মাসে নিয়মিতভাবে নিযুক্ত থাকতে হবে) যাতে CMV চালানোর দরকার পড়ে
- আগের অন্ততঃ দুই বছরে ড্রাইভার যে প্রকারের CMV চালাচ্ছেন (বা চালাবেন বলে আশা করছেন) সেরকম CMV চালিয়েছেন:
  - সক্রিয়ভাবে চাকরি করলে আবেদনের তারিখ, বা
  - ফৌজ থেকে ছাড়া পাওয়ার তারিখ

DMV অফিসে আবেদনকারী অবশ্যই এইগুলি পেশ করবেন:

- সামরিক ক্ষেত্রে দক্ষতা পরীক্ষা মকুব করার জন্য একটি সম্পূর্ণ করা CDL শংসাপত্র (ফরম CDL-102), যা www.dmv.ny.gov/forms/CDL102.pdf বা যে কোনো মোটরযান অফিসের অফিসে পাওয়া যাবে
- একটি বৈধ NYS বা স্টেট-বহির্ভূত ড্রাইভার লাইসেন্স
- চিকিৎসা পরীক্ষকের শংসাপত্র (যদি প্রয়োজন হয়),
- ফরম CDL-102-তে তালিকাভুক্ত সামরিক পরিষেবার প্রমাণ

আপনাকে অবশ্যই সবকটি প্রযোজ্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং লিখিত পরীক্ষার ফী, পারমিটের ফী এবং লাইসেন্সের ফী জমা দিতে হবে। দক্ষতার পরীক্ষায় বসার জন্য কোনো ফী নেই।

সব আবশ্যিকতাগুলি পূরণ করা হলে, DMV অফিস আপনার CDL জারি করবে। আপনার CDL-এর ক্লাস, অনুমোদন এবং বিধিনিষেধ আপনি সামরিক ক্ষেত্রে যে প্রকারের CMV চালিয়েছিলেন তার উপরে নির্ভর করবে। বিশদ ব্যাখ্যার জন্য লাইসেন্স ক্লাস, অনুমোদন এবং বিধিনিষেধ দেখুন (ফরম MV-500C)।

1.3.12 – মদ এবং মাদক পরীক্ষার আবশ্যিকতা

নিউ ইয়র্ক স্টেট আইনের অধীনে, নিউ ইয়র্কে মোটর গাড়ি চালানো যে কোনো ব্যক্তি নিম্নলিখিত এক বা একাধিকের রাসায়নিক পরীক্ষা করানোতে সম্মতি দিয়েছেন বলে ধরে নেওয়া হবে: শ্বাস, রক্ত, মূত্র বা লালা, যাতে রক্তে মদ এবং/মাদকের উপস্থিতি নির্ধারণ করা যায়।

1.4 – কমার্শিয়াল ড্রাইভার লাইসেন্স পরীক্ষা

CDL পেতে গেলে, আপনাকে অবশ্যই জ্ঞান রাখতে হবে ও দক্ষতা পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। **এই ম্যানুয়ালটির একমাত্র উদ্দেশ্যই হল আপনাকে পরীক্ষাটিতে উত্তীর্ণ হতে সাহায্য করা।** এই ম্যানুয়ালটি কোনো কমার্শিয়াল ড্রাইভার প্রশিক্ষণের ক্লাস বা প্রোগ্রামের বিকল্প নয়। নিরাপদে বড়মাপের কমার্শিয়াল ভেহিকেল চালানোর জন্য এবং পেশাদার কমার্শিয়াল ড্রাইভার হয়ে উঠতে যে যে বিশেষ দক্ষতার দরকার হয় সেগুলি শেখার সবথেকে বিশ্বস্ত উপায় হল আনুষ্ঠানিকভাবে প্রশিক্ষণ নেওয়া। প্রতিটি বিশেষ ক্লাসের লাইসেন্স ও প্রত্যেক অনুমোদনের জন্য আপনার এই ম্যানুয়ালটির যে যে বিভাগ পড়া উচিত তা বিভাগ 1.4.1-এ দেখানো হয়েছে।

1.4.1 – জ্ঞান পরীক্ষণ

আপনার কী ধরনের ক্লাসের লাইসেন্স ও অনুমোদন দরকার তার উপর নির্ভর করে আপনাকে এক বা একাধিক জ্ঞানের পরীক্ষা দিতে হতে পারে। পরীক্ষার সব প্রশ্ন বহু নির্বাচনী; তিনটি বিকল্প থেকে আপনাকে একটিমাত্র উত্তর বেছে নিতে হবে। কমার্শিয়াল ড্রাইভারের প্রতিটি জ্ঞান পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য **80%** নম্বর পেতে হবে। যদি আপনি জ্ঞান পরীক্ষায় ব্যর্থ হন, তাহলে আপনি আবার কতবার পরীক্ষাটিতে বসতে পারবেন তার কোনো সীমা নেই, তবে সেটি ডিস্ট্রিক্ট ডিরেক্টর, অফিস ম্যানেজার, কাউন্টি ক্লার্ক অথবা অফিস সুপারভাইজারের তত্বাবধানে ঠিক হবে।

- সব CLP বা CDL আবেদনকারীদেরকে **সাধারণ (মূল) জ্ঞানের পরীক্ষাটি** দিতে হয়। ***এই পরীক্ষার জন্য, এই ম্যানুয়ালের বিভাগ 1 , 2, 3, 11, 12, ও 13।***

অন্য কোনো CDL জ্ঞান পরীক্ষায় বসতে গেলে, সব প্রার্থীকে, নীচে তালিকাভুক্ত বিভাগ(গুলির) সাথে বিভাগ 1, 2, 3, 11, 12, এবং 13 পড়তে হবে। অন্যান্য CDL জ্ঞান পরীক্ষা, এবং সেগুলির প্রতিটিতে পাস করতে গেলে আপনাকে এই ম্যানুয়ালটির আর যে যে অতিরিক্ত বিভাগ পড়তে হবে সেগুলি হল:

- কম্বিনেশন ভেহিকেলস চালানোর জন্য প্রয়োজনীয় **কম্বিনেশন ভেহিকেলস পরীক্ষা** (ক্লাস A CDL); ***পড়ুন বিভাগ 5 এবং 6***
- ডাবল বা ট্রিপল ট্রেলার টানার জন্য **ডাবলস/ট্রিপলস পরীক্ষা** দিতে হয়; ***পড়বেন বিভাগ 5, 6, এবং 7***
- **বিপজ্জনক পদার্থের পরীক্ষা**, বিপজ্জনক পদার্থ বা এমন পরিমাণে বর্জ্য পরিবহনের জন্য দেওয়া জরুরী যাতে প্ল্যাকার্ড লাগানোর দরকার হয় বা 42 CFR 73-তে নির্বাচিত এজেন্ট বা বিষ হিসাবে তালিকাভুক্ত যে কোনো পরিমাণের উপকরণ। এই অনুমোদনটি লাভ করার জন্য, আপনাকে একটি নিউ ইয়র্ক স্টেট এবং একটি ট্রান্সপোর্টেশন সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন (Transportation Security Administration, TSA) প্রেক্ষাপট পরীক্ষা দুটিতেই উত্তীর্ণ হতে হবে; ***বিভাগ 9 পড়ুন***
- **যাত্রী পরিবহন পরীক্ষাটি** সব বাস চালক আবেদনকারীদেরকে দিতে হয়; ***বিভাগ 4 পড়ুন***
- **স্কুল বাস পরীক্ষা**, যেটি 26,000 পাউন্ড বা তার বেশি GVWR অথবা 15 বা ততোধিক যাত্রী পরিবহনকারী (চালক ছাড়া) স্কুল বাস চালানোর জন্য দেওয়া আবশ্যিক; ***বিভাগ 10 পড়ুন***
- **ট্যাঙ্ক ভেহিকেল পরীক্ষা**, যা 119 গ্যালন বা তার বেশি পরিমাণের মাউন্ট করা স্থায়ী কার্গো ট্যাঙ্কে অথবা 1,000 গ্যালন বা তার বেশি মাপের বহনযোগ্য ট্যাঙ্কে তরল বা তরল গ্যাস পরিবহন করার জন্য দেওয়া আবশ্যিক; ***বিভাগ 6, 8, এবং 9 পড়ুন***
- **এয়ার ব্রেকস পরীক্ষা**, যেটি আপনার গাড়িতে এয়ার-ওভার-হাইড্রলিক ব্রেকসহ এয়ার ব্রেক থাকলে আপনার দেওয়া আবশ্যিক; ***বিভাগ 5 পড়ুন***

1.4.2 – দক্ষতা পরীক্ষা

যদি আপনি আবশ্যিক জ্ঞান পরীক্ষায় (গুলিতে) উত্তীর্ণ হন তাহলে আপনি CDL দক্ষতার পরীক্ষায় বসতে পারেন। তিন ধরনের সাধারণ দক্ষতা পরীক্ষা করা হয়: সফরের আগে গাড়ি পরীক্ষা, গাড়ির সাধারণ নিয়ন্ত্রণ, এবং রাস্তায় গাড়ি চালানো। আপনি যে প্রকার ও ক্লাসের গাড়ির লাইসেন্স পেতে চান অবশ্যই সেটির জন্য দক্ষতার পরীক্ষায় বসবেন। যে গাড়িতে সেটির অঙ্গগুলি চিহ্নিত বা লেবেল করা রয়েছে সেটিকে সফরের আগে গাড়ির পরীক্ষার জন্য ব্যবহার করা যাবে না।

সফরের আগে গাড়ি পরীক্ষা। আপনার গাড়িটি চালানোর মত নিরাপদ আছে কিনা সেটি আপনি দেখতে পারছেন কিনা দেখার জন্য পরীক্ষাটি করা হবে। আপনি গাড়ির সাধারণ নিয়ন্ত্রণের পরীক্ষাটিতে বসার আগে সফরের আগে গাড়ি পরীক্ষাটি উত্তীর্ণ হওয়া আবশ্যিক। আপনাকে আপনার গাড়িটি সফরের আগে পরীক্ষা করতে বলা হবে এবং পরীক্ষককে বুঝিয়ে বলতে হবে যে আপনি কোন জিনিসটি কেন পরীক্ষা করবেন। *বিশদ জানার জন্য বিভাগ **11** দেখুন।*

গাড়ির সাধারণ নিয়ন্ত্রণ। আপনার গাড়ির সাধারণ নিয়ন্ত্রণ রাখার দক্ষতা আছে কিনা সেটি পরীক্ষা করা হবে। আপনাকে একটি নির্দিষ্ট স্থানের মধ্যে আপনার গাড়িটি সামনে এগোতে, পিছোতে এবং ঘোরাতে বলা হবে। এই স্থানগুলিতে ট্র্যাফিক লেন, কোন, কোনোরকম বাধা, বা অনুরূপ কিছু দিয়ে চিহ্নিত থাকতেও পারে, নাও থাকতে পারে। প্রতিটি নিয়ন্ত্রণের পরীক্ষা কীভাবে করা হবে তা পরীক্ষক আপনাকে বলে দেবেন। *বিশদের জন্য বিভাগ 12 দেখুন।*

রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা। আপনি বিভিন্ন রকম ট্র্যাফিকের পরিস্থিতিতে আপনার গাড়িটি নিরাপদে চালাতে পারছেন কিনা সেই দক্ষতা পরীক্ষা করে দেখা হবে। পরিস্থিতিটিতে বাঁদিকে-ডান দিকে ঘোরানো, রাস্তার সংযোগস্থল, রেলসড়কের ক্রসিং, বাঁক, উপরে ও নীচের ঢালে যাওয়া, একক বা বহু লেনের রাস্তা, গলিতে বা হাইওয়েতে চালানো অন্তর্ভুক্ত থাকতে পারে। কোথায় গাড়ি চালাতে হবে তা আপনাকে পরীক্ষক বলে দেবেন। *বিশদ জানতে বিভাগ 13 দেখুন।*

1.5 – বাস ড্রাইভারদের জন্য অতিরিক্ত আবশ্যিকতা

নিউ ইয়র্কের সব বাস চালকদের CDLs থাকা আবশ্যিক এবং নিয়োগকর্তারা অবশ্যই নির্ধারণ করবেন যে তাদের নিয়োগ করা বাস চালকরা বাস চালানোর মত উপযুক্ত। এছাড়াও, NYS VTL-এর অনুচ্ছেদ 19-A-তে (বাস চালকদের জন্য বিশেষ আবশ্যিকতা) বাস চালকদের জন্য এক গোছা মান দেওয়া হয়েছে। এই আইনের অধীনে, বাস চালকদের নিয়োগকর্তাদের অবশ্যই:

- কোনো নতুন ড্রাইভার রাখার আগে তার আগের তিন বছরের চাকরির ইতিহাস সম্পর্কে প্রেক্ষাপট অনুসন্ধান করে দেখতে হবে।
- গত 3 বছরে সেই চালক যেখানে কাজ করেছেন, থেকেছেন বা ড্রাইভার লাইসেন্স বা লার্নার পারমিট করিয়েছেন সেই সব বিচারক্ষেত্র থেকে তার ড্রাইভিংয়ের নথি লাভ করা।
- ড্রাইভারদেরকে অনুচ্ছেদ 19-A-র বিধানগুলি বলা।
- ড্রাইভারের পক্ষে শুরুতে একটি শারীরিক পরীক্ষা করানো এবং তারপর <u>প্রতি দুই বছর অন্তর</u> অনুধাবনমূলক পরীক্ষা করানোটা আবশ্যিক।
- প্রত্যেক ড্রাইভার বাস চালানোর মত ন্যূনতম আবশ্যিকতা পূরণ করেন কিনা দেখতে বার্ষিকভাবে প্রত্যেক ড্রাইভারের ড্রাইভিংয়ের নথি পর্যালোচনা করা।
- যাত্রীবাহী বাস চালানোর সময় প্রত্যেক ড্রাইভারের ড্রাইভিংয়ের ফলাফল বার্ষিকভাবে পর্যালোচনা করা।
- নিউ ইয়র্ক স্টেটে বাস চালনা করার প্রতিরোধমূলক গাড়ি চালানোর চর্চা এবং আইন, রাস্তার নিয়মকানুন সম্পর্কিত জ্ঞান পরীক্ষার জন্য <u>প্রতি দুই বছর অন্তর</u> প্রত্যেক চালককে লিখিত বা মৌখিক পরীক্ষা দিতে হবে।
- প্রত্যেক চালককে <u>প্রতি দুই বছর অন্তর</u> স্টিয়ারিংয়ে বসে একটি পরীক্ষা দিতে হবে।
- যদি কোনো চালক পাঁচ দিন স্থগিত থাকাকালীন কোনো অপরাধ বা দুর্ঘটনার কথা জানাতে ব্যর্থ হন, বা যদি ভুল ব্যবহার, বা গুরুতর অপরাধের অভিযোগে ড্রাইভার যতদিন পর্যন্ত অপরাধের কথা না জানাচ্ছেন বা পাঁচ কর্মদিবস যেটি আগে হচ্ছে ততদিন পর্যন্ত ড্রাইভারকে শাস্তি দেওয়া।

<u>স্কুল বাস</u> চালকদের জন্য অতিরিক্ত আবশ্যিকতা। অনুচ্ছেদ 19-A অনুসারে স্কুল বাসের চালকদের নিয়োগকারীরা প্রত্যেক চালকের অপরাধের ইতিহাস খতিয়ে দেখার জন্য তাদের আঙ্গুলের ছাপ দিতে বলতে পারেন। NYS শিক্ষা বিভাগের (NYS Education Department, NYSED) নিয়মে স্কুল বাসের চালকদের নিম্নলিখিত বিষয়গুলি পূরণ করা আবশ্যিক:

- অন্ততঃ 21 বছর বয়সী হতে হবে।
- বার্ষিক একবার একটি অনুধাবনমূলক শারীরিক পরীক্ষা করাতে হবে ও তাতে উত্তীর্ণ হতে হবে।

যদি কোনো বাস চালক কোনো আইনি বা বিধিবদ্ধ আবশ্যিকতা পূরণ করতে ব্যর্থ হন, তাহলে নিয়োগকারী অবশ্যই আবশ্যিকতাগুলি পূরণ না হওয়া পর্যন্ত সেই চালককে বাস চালাতে দেবেন না। মোটরযান বিভাগ ড্রাইভারদের গাড়ি চালানোর নথি ও অপরাধের ইতিহাসের উপর ভিত্তি করেও ড্রাইভারদের যোগ্যতা বাতিল করতে পারে।

1.6 – ড্রাইভারকে অযোগ্য ঘোষণা করা

1.6.1 – সাধারণ

যদি আপনাকে যে কোনো কারণে অযোগ্য বলে ঘোষণা করা হয় তাহলে আপনি কোনো কমার্শিয়াল মোটর ভেহিকেল চালাতে পারবেন না।

1.6.2 – মদ, দুর্ঘটনাস্থল ছেড়ে চলে যাওয়া, এবং কোনো গুরুতর অপরাধ ঘটানো

যদি আপনার রক্তে অ্যালকোহলের ঘনীভবন (blood alcohol concentration, BAC) .04% হয় তাহলে কোনো CMV চালানো বেআইনি। যদি আপনি কোনো CMV চালান, তাহলে আপনি অ্যালকোহল পরীক্ষার জন্য আপনার সম্মতি দিচ্ছেন বলেই ধরে নেওয়া হবে।

যদি আপনার মধ্যে শনাক্তযোগ্য অ্যালকোহলের পরিমাণ .04%-এর কম রয়েছে বলে দেখা যায় তাহলে আপনাকে 24 ঘন্টার জন্য বিকল বলে আদেশ দেওয়া হবে।

নিম্নলিখিতগুলির জন্য প্রথমবার অপরাধ করলে আপনি **অন্ততঃ এক বছরের** জন্য আপনার CLP এবং/বা CDL হারাবেন:

- যদি আপনার রক্তে অ্যালকোহলের ঘনীভবন .04% বা তার বেশি হয় তাহলে চালানো।
- মদ্যপান করে কোনো গাড়ি চালানো।
- কোনো নিয়ন্ত্রিত পদার্থের নেশায় কোনো গাড়ি চালানো।
- রক্তে অ্যালকোহল পরীক্ষা করাতে অস্বীকার করা।
- দুর্ঘটনার কথা না জানিয়েই দুর্ঘটনাস্থল ছেড়ে পালিয়ে যাওয়া।
- গাড়ির ব্যবহার সংক্রান্ত কোনো গুরুতর অপরাধ করা।
- আগের কোনো ললঙ্ঘনের দরুণ আপনার CLP এবং/বা CDL স্থগিত, রদ বা বাতিল করা অবস্থায়, বা CMV চালাতে অযোগ্য ঘোষণা হওয়ার পরেও কোনো CMV চালানো CMV, বা যদি CMV চালাতে গিয়ে অবহেলা করার জন্য মৃত্যুর মত কোনো গুরুতর ঘটনায় অভিযুক্ত হন, যার মধ্যে গাড়ি দিয়ে মানুষ খুন করা বা অবহেলা করে মানুষকে চাপা দেওয়ার অপরাধ অন্তর্ভুক্ত থাকলেও তাতেই সীমিত নয়।

বিপজ্জনক পদার্থ বহন করা আছে এমন প্ল্যাকার্ড লাগানো CMV চালানোর সময় যদি কোনো অপরাধ ঘটে তাহলে আপনি **অন্ততঃ তিন বছরের** জন্য আপনার CLP এবং/বা CDL হারাবেন।

উপরে তালিকাভুক্ত যে কোনো অপরাধ দ্বিতীয়বার করার জন্য আপনি **সারা জীবনের মত** আপনার CLP এবং/বা CDL হারাবেন।

যদি আপনি নিয়ন্ত্রিত পদার্থ সংক্রান্ত কোনো গুরুতর অপরাধ করার জন্য CMV ব্যবহার করেন তাহলে আপনি **সারা জীবনের মত** আপনার CLP এবং/বা CDL হারাবেন।

1.6.3 – গুরুতর ট্র্যাফিক লঙ্ঘন

গুরুতর ট্র্যাফিক লঙ্ঘনের মধ্যে রয়েছে:

- মাত্রাতিরিক্ত গতিবেগে গাড়ি চালানো (15 mph বা নির্দেশিত গতিসীমার ঊর্ধ্বে গাড়ি চালানো)
- বেপরোয়া গাড়ি চালানো
- ভুলভাবে বা এলোমেলোভাবে গতিপথ পরিবর্তন করা
- খুব কাছ ঘেঁষে কোনো গাড়িকে অনুসরণ করা
- গুরুতর ট্র্যাফিক দুর্ঘটনায় কোনো CMV নিয়ে করা ট্র্যাফিক অপরাধ
- প্রথমে CLP বা CDL না নিয়েই কোনো CMV চালানো
- ড্রাইভারের মালিকানায় CLP বা CDL না নিয়েই CMV চালানো
- CLP বা CDL-এর যথাযথ ক্লাস ছাড়া এবং/বা যে বিশেষ গাড়িটি চালানো হচ্ছে তার অথবা পরিবহন করা যাত্রী বা কার্গোর প্রকারের অনুমোদন না নিয়েই CMV চালানো
- হাতে ধরা সেলফোন ব্যবহার করতে করতে এবং/বা মেসেজ করার ডিভাইস ব্যবহার করাকালীন CMV চালানো।

আপনি আপনার CLP এবং/বা CDL হারাবেন:

- যদি আপনি তিন বছর সময়কালের মধ্যে CMV সংক্রান্ত দুটি গুরুতর ট্র্যাফিক লঙ্ঘন করে থাকেন তাহলে অন্ততঃ 60 দিন।
- যদি আপনি তিন বছর সময়কালের মধ্যে CMV সংক্রান্ত তিনটি গুরুতর ট্র্যাফিক লঙ্ঘন করে থাকেন তাহলে অন্ততঃ 120 দিন।

1.6.4 – বিকল আদেশ লঙ্ঘন করা

যদি কোনো ফেডারেল বা স্টেট পরিদর্শক কোনো পরিদর্শন চলাকালীন মনে করেন যে আপনি বা আপনার কমার্শিয়াল ভেহিকেল চালানোর পক্ষে অসুরক্ষিত, তাহলে তারা আপনাকে বা আপনার গাড়িকে বিকলে বলে আদেশ দিতে পারেন।

যদি দেখা যায় বিকল আদেশ দেওয়ার পরেও আপনি সেই আদেশ লঙ্ঘন করে আপনি গাড়ি চালান তাহলে আপনি আপনার CLP এবং/বা CDL হারাতে পারেন:

- যদি বিকল আদেশটি আপনি প্রথমবার লঙ্ঘন করেন তাহলে অন্ততঃ 90 দিনের জন্য।
- যদি আপনি দশ বছরের সময়পর্বের মধ্যে বিকল আদেশটি দুবার লঙ্ঘন করে থাকেন, তাহলে অন্ততঃ এক বছরের জন্য।
- যদি আপনি দশ বছর সময়কালের মধ্যে বিকল আদেশটি তিন বা ততোধিকবার লঙ্ঘন করে থাকেন তাহলে অন্ততঃ তিন বছরের জন্য।

1.6.5 – রেলসড়ক-হাইওয়ে গ্রেড ক্রসিং লঙ্ঘন

কোনো কমার্শিয়াল মোটর ভেহিকেল চালানোর সময় রেলসড়ক-হাইওয়ে গ্রেড ক্রসিংয়ে ঘটা নিম্নলিখিত যে কোনো ছয়টি অপরাধের মধ্যে যে কোনো একটি অপরাধ, যাতে ফেডারেল, স্টেট বা স্থানীয় আইন বা নিয়মকানুনের লঙ্ঘন অন্তর্ভুক্ত থাকতে পারে:

- যেসব ড্রাইভারদের সর্বদা থামার দরকার নেই, তারা যদি ক্রসিংয়ে পৌঁছনোর আগে দেখেন রাস্তা পরিষ্কার নেই, তা সত্ত্বেও না থামেন।
- যেসব ড্রাইভারদের সর্বদা থামার দরকার নেই, কিন্তু তা সত্ত্বেও ট্রেন আসছে কিনা দেখতে ও গাড়ির গতি ধীর করতে ব্যর্থ হন।
- যেসব ড্রাইভারদের পক্ষে সর্বক্ষণ থামা আবশ্যিক, তারা যদি ক্রসিংয়ে গাড়ি চালানোর আগে থামতে না পারেন।
- সেইসব ড্রাইভারদের জন্য যারা না থেমে পুরো ক্রসিং পার হওয়ার সময় পর্যাপ্ত ফাঁক রাখেন না।
- যেসব ড্রাইভাররা ট্র্যাফিক নিয়ন্ত্রণের ডিভাইস বা ক্রসিংয়ে দাঁড়ানো আধিকারিকের নির্দেশ মানতে ব্যর্থ হন।
- অপর্যাপ্ত আন্ডারক্যারেজ ক্লিয়ারেন্সের জন্য যেসব ড্রাইভাররা ক্রসিংয়ে কোনোরকম আপোষ করতে ব্যর্থ হন।

আপনি আপনার CLP এবং/বা CDL হারাবেন:

- আপনার প্রথম লঙ্ঘনের জন্য অন্ততঃ 60 দিন।
- তিন বছরের সময়কালের মধ্যে দ্বিতীয়বার লঙ্ঘনের জন্য অন্ততঃ 120 দিন।
- তিন বছরের সময়কালের মধ্যে আপনার তৃতীয় লঙ্ঘনের জন্য অন্ততঃ এক বছর।

1.6.6 – বিপজ্জনক পদার্থ অনুমোদনের জন্য প্রেক্ষাপট পরীক্ষা ও অযোগ্যতা ঘোষণা

যদি আপনার বিপজ্জনক পদার্থের অনুমোদন লাগে, তাহলে আপনাকে আপনার আঙ্গুলের ছাপ জমা দিতে হবে এবং আপনার প্রেক্ষাপট পরীক্ষা করা হবে।

যদি নিম্নলিখিতগুলি দেখা যায় তাহলে আপনি আপনার বিপজ্জনক পদার্থের অনুমোদন হারাবেন বা তা দিতে খারিজ করা হবে:

- ইউনাইটেড স্টেটসের আইনি স্থায়ী নাগরিক নন।
- আপনার ইউনাইটেড স্টেটসের নাগরিকত্ব প্রত্যাখ্যান করেছেন।
- নির্দিষ্ট গুরুতর অপরাধের জন্য আপনার তল্লাশি চলছে বা অভিযুক্ত রয়েছেন।
- সামরিক বা নাগরিক আদালতে নির্দিষ্ট গুরুতর অপরাধের জন্য অভিযুক্ত হয়েছেন।
- আপনার মানসিক ক্ষমতা হারিয়েছে বলে অভিযোগ তোলা হয়েছে বা 49 CFR 1572.109-এ নির্দিষ্ট করা অনুসারে আপনি অনৈচ্ছিকভাবে কোনো মানসিক স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি রয়েছেন।
- ট্রান্সপোর্টেশন সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশনের পক্ষ থেকে আপনাকে সুরক্ষার ঝুঁকি হিসাবে গণ্য করা হচ্ছে।

অতিরিক্ত তথ্যগুলি এখানে গেলে পাওয়া যাবে: www.dmv.ny.gov/cdl.htm

1.6.7 – আপনার ব্যক্তিগত গাড়িতে ট্র্যাফিক লঙ্ঘন

ফেডারেল এবং স্টেটের নিয়মে যদি কোনো CLP বা CDL ধারককে তাদের ব্যক্তিগত গাড়িতে চলাফেরা করার সময় কিছু নির্দিষ্ট ধরনের আইন লঙ্ঘন করতে দেখা যায়, তাহলে CLP ও CDL ধারককে কমার্শিয়াল মোটর ভেহিকেল চালানো থেকেও অযোগ্য ঘোষণা করা হবে। তার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে: দুর্ঘটনা স্থল ছেড়ে চলে যাওয়া, মদ এবং/বা মাদক সংক্রান্ত লঙ্ঘন, এবং মোটর গাড়ি সংক্রান্ত কোনো গুরুতর অপরাধ।

যদি ট্র্যাফিক নিয়ন্ত্রণ আইন ভাঙ্গার দরুণ (পার্কিংয়ের লঙ্ঘন ছাড়া) আপনার ব্যক্তিগত গাড়ি চালানোর সুবিধা স্থগিত, রদ বা বাতিল করা হয়ে থাকে, তাহলেও আপনি আপনার বাণিজ্যিক গাড়ি চালানোর সুবিধা হারাবেন।

যদি আপনার ব্যক্তিগত গাড়ি চালানোর সুবিধা মদ্যপান, নিয়ন্ত্রিত মাদক, বা গুরুতর অপরাধের দরুণ বাতিল, স্থগিত বা রদ করা হয়ে থাকে, তাহলে আপনি **1 বছরের জন্য** আপনার CLP এবং/বা CDL হারাতে পারেন। আপনি যদি আপনার ব্যক্তিগত গাড়ি বা CMV-র ক্ষেত্রে এইররকম লঙ্ঘন দ্বিতীয়বার করেন তাহলে আপনি **সারা জীবনের মত** আপনার CLP বা CDL হারাবেন।

যদি আপনার ব্যক্তিগত গাড়ি চালানোর লাইসেন্স স্থগিত, রদ বা বাতিল করা হয়ে থাকে, তাহলে আপনি CMV চালানোর জন্য "অসচ্ছলতার" লাইসেন্স পাবেন।

1.7 – অন্যান্য কমার্শিয়াল সুবিধার নিয়মসমূহ

অন্যান্য ফেডারেল ও স্টেট নিয়মকানুন রয়েছে যেগুলি সব স্টেটে ড্রাইভারদের CMV চালানোর ক্ষমতা প্রভাবিত করে। সেগুলির মধ্যে কয়েকটি হল:

1.7.1 – লাইসেন্সদানের নিয়মকানুন

- CLP বা CDL ছাড়া কেউ কোনো কমার্শিয়াল মোটর ভেহিকেল চালাতে পারবেন না। এই নিয়মটি ভাঙ্গার জন্য আদালত আপনার $75-$300 জরিমানা করতে পারে বা আপনাকে জেলে ভরতে পারে।
- আপনার একের বেশি লাইসেন্স থাকতে পারে না। এই নিয়মটি ভাঙ্গার জন্য আদালত আপনার $75-$300 জরিমানা করতে পারে বা আপনাকে জেলে ভরতে পারে এবং আপনার হোম স্টেটের লাইসেন্সটি রেখে বাকিগুলি ফেরত দেওয়া হতে পারে।
- যদি আপনার কোনো বিপজ্জনক পদার্থ নিয়ে যাওয়ার অনুমোদন থাকে, তাহলে আপনি অবশ্যই নিম্নলিখিত ক্ষেত্রে 24 ঘন্টার মধ্যে আপনার বিপজ্জনক উপকরণের অনুমোদন সেই স্টেটের কাছে জানাবেন ও জমা দেবেন যে স্টেট আপনার CDL জারি করেছিল:
  - ➢ আপনি 49 CFR 1572.103-তে তালিকাভুক্ত কোনো অযোগ্যতার অপরাধের জন্য, কোনো সামরিক বা বেসামরিক বিচারক্ষেত্রে, পাগলামো করার জন্য দোষী, অভিযুক্ত হয়েছেন বা আপনার দোষ এখনও সাব্যস্ত হয়নি;
  - ➢ আপনার মানসিক ক্ষমতা হারিয়েছে বলে অভিযোগ তোলা হয়েছে বা 49 CFR 1572.109-এ নির্দিষ্ট করা অনুসারে আপনি অনৈচ্ছিকভাবে কোনো মানসিক স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি রয়েছেন; বা
  - ➢ আপনি আপনার যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব প্রত্যাখ্যান করে দিয়েছেন।
- CLP এবং CDL ড্রাইভারদের ব্যাপারে তথ্য ভাগ করার জন্য সব স্টেটগুলি একটি কম্পিউটারভুক্ত সিস্টেমের সাথে যুক্ত রয়েছেন। স্টেটগুলি ড্রাইভিংয়ের নথি পরীক্ষা করবে এবং নিশ্চিত হবে যে ড্রাইভারদের একাধিক CLP এবং CDL নেই।
- কোনো কমার্শিয়াল মোটর ভেহিকেল চালানোর সময়ে আপনি সর্বদা সঠিকভাবে সেফটি বেল্ট লাগিয়ে বসবেন। সেফটি বেল্টটি এমনভাবে তৈরী করা হয় যা দুর্ঘটনা ঘটলেও স্টিয়ারিংয়ের পিছনে ড্রাইভারকে নিরাপদে ধরে রাখে, এবং গুরুতর চোটআঘাত বা মৃত্যুর সম্ভাবনা কমায়। যদি আপনি সেফটি বেল্ট না আটকান, তাহলে গাড়ি থেকে ছিটকে পড়ে আপনার প্রাণহানি হওয়ার মত জখম হওয়ার সম্ভাবনা চার গুণ বেড়ে যায়।

1.7.2 – কর্মসংস্থানের নিয়ম

- গত 10 বছরে আপনি গাড়ি চালানো সংক্রান্ত কী কী চাকরি করেছেন তার সব তথ্য আপনি অবশ্যই আপনার নিয়োগকারীকে দেবেন। বাণিজ্যিকভাবে গাড়ি চালানোর কাজে আবেদনের সময়েই আপনার সেটা করাটা আবশ্যিক।
- কোনোরকমভাবে ট্র্যাফিক আইন ভঙ্গ হয়ে থাকলে (পার্কিং ছাড়া) আপনি অবশ্যই দোষী অভিযুক্ত হওয়ার 30 দিনের মধ্যে সেটি আপনার নিয়োগকারীকে জানাবেন। আপনি যে ধরনের গাড়িই চালান না কেন এটি সত্যি।
- যদি আপনার লাইসেন্স স্থগিত, রদ বা বাতিল করা হয়ে থাকে, বা যদি আপনাকে গাড়ি চালানোর অযোগ্য বলে ঘোষণা করা হয়, তাহলে আপনি অবশ্যই আপনার নিয়োগকারীকে জানাবেন।
- যদি আপনার একাধিক লাইসেন্স থাকে বা যদি আপনার CLP বা CDL স্থগিত, রদ বা বাতিল করা হয়ে থাকে তাহলে আপনার নিয়োগকারী আপনাকে কোনো কমার্শিয়াল মোটর ভেহিকেল চালাতে নাও দিতে পারেন। এই নিয়মটি ভঙ্গ করার জন্য আদালত কোনো নিয়োগকারীকে $5,000 পর্যন্ত জরিমানা করতে পারে বা তাকে জেলে ভরতে পারে।

1.8 – আন্তর্জাতিক রেজিস্ট্রেশন পরিকল্পনা এবং আন্তর্জাতিক জ্বালানি কর চুক্তি

যদি আপনি আন্তঃরাজ্য ব্যবসার খাতিরে CMV তাহলে সেই গাড়িটিকে, কয়েকটি ব্যতিক্রম ছাড়া বাকি সব ক্ষেত্রে আন্তর্জাতিক রেজিস্ট্রেশন পরিকল্পনা (International Registration Plan, IRP) এবং আন্তর্জাতিক জ্বালানি কর চুক্তির (International Fuel Tax Agreement, IFTA) অধীনে নিবন্ধিত করা আবশ্যিক। এই প্রোগ্রামগুলি আন্তঃরাজ্য স্তরে ভেহিকল নিবন্ধীকরণের ফী ও জ্বালানি ব্যবহারের কর সংগ্রহ ও বিতরণ করে।

1.8.1 – মোটরযান বিভাগের (Department of Motor Vehicles, DMV) প্রযোগ করা আন্তর্জাতিক রেজিস্ট্রেশন পরিকল্পনা (IRP)

IRP-র অধীনে, বিচারক্ষেত্রগুলিকে অবশ্যই গাড়িগুলির নিবন্ধীকরণ করতে হবে ও নিবন্ধিতদের মাইলেজের নথি পরীক্ষা করতে হবে।

নিবন্ধনকারীদেরকে অবশ্যই IRP নিবন্ধীকরণের আবেদন করতে হবে, যথাযথ নথিপত্র, সঠিক ফী দিতে হবে, সঠিকভাবে প্রমাণপত্র দেখাতে হবে, নির্ভুল ও সঙ্গতিপূর্ণ মাইলের নথি রাখতে হবে এবং নথিগুলিকে পরীক্ষার জন্য উপলভ্য করতে হবে।

1.8.2 – কর ও অর্থ বিভাগ (Department of Taxation and Finance, DTF) কর্তৃক প্রয়োগ করা আন্তর্জাতিক জ্বালানি কর চুক্তি(International Fuel Tax Agreement, IFTA)

IFTA আন্তঃরাজ্য বাহকদেরকে ব্যবহৃত জ্বালানির প্রতিবেদন করতে এবং জ্বালানি ব্যবহারের ট্যাক্স মেটাতে সক্ষম করে।

IFTA-র অধীনে, কোনো বাহককে IFTA সদস্যভুক্ত সব বিচারক্ষেত্রে যাতায়াতের মত এক সেট প্রমাণপত্র জারি করা হয়। IFTA-র অনুসারী যে জ্বালানি ব্যবহারের করগুলি সংগ্রহ করা হয় সেগুলি সব সদস্যভুক্ত বিচারক্ষেত্রে যত মাইল/কিলোমিটার ভ্রমণ করা হয়েছে এবং যত সংখ্যক গ্যালন/লিটার ভোগ করা হয়েছে তার উপর ভিত্তি করে গণনা করা হয়। মূল বিচারক্ষেত্রটি জ্বালানি ব্যবহারের কর সংগ্রহ করে তা অন্য সদস্য বিচারক্ষেত্রের মধ্যে ভাগ করে দেবে এবং জ্বালানি ব্যবহারের কর পরীক্ষণগুলি সম্পাদন করবে।

বাহকদেরকে অবশ্যই সব IFTA সদস্যভুক্ত বিচারক্ষেত্রে ভ্রমণ ও জ্বালানি ব্যবহারের কথা মূল বিচারক্ষেত্রের কাছে প্রতিবেদিত করার জন্য IFTA-র ত্রৈমাসিক কর রিটার্ন দাখিল করতে হবে। IFTA-র ত্রৈমাসিক কর রিটার্নের নথি হিসাবে দেওয়ার জন্য বাহকদেরকে অবশ্যই তাদের মাইলেজ ও জ্বালানির নথি রেখে দিতে হবে।

1.8.3 – অতিরিক্ত তথ্য এবং নথি সংরক্ষণের আবশ্যিকতা

IRP সংক্রান্ত অতিরিক্ত তথ্য ও নথিরক্ষণের আবশ্যিকতাগুলি DMV-র IRP ইনস্ট্রাকশন ম্যানুয়ালে (IRP-8), "ব্যবসায়িক কাজে ব্যবহৃত ফরম"-এর অধীনে www.dmv.ny.gov-এ গেলে পাওয়া যাবে। IRP, ইনকর্পোরেশন হল IRP-র আনুষ্ঠানিক তথ্য সংরক্ষণাগার, এবং অতিরিক্ত তথ্য তাদের ওয়েবসাইট www.irponline.org-এও পাওয়া যেতে পারে। তাদের ওয়েবসাইটে ইংরেজী, স্প্যানিশ ও ফরাসীতে একটি প্রশিক্ষণের ভিডিও উপলভ্য রয়েছে।

IFTA-র ব্যাপারে অতিরিক্ত তথ্যের জন্য, কর ও অর্থ বিভাগের ওয়েবসাইটটি http://www.tax.ny.gov/ দেখুন। আপনি আনুষ্ঠানিক IFTA সংরক্ষণাগারের উপযোগী তথ্যগুলি এখানেও পাবেন http://www.iftach.org/index.php

1.8.4 – IRP এবং IFTA-র জন্য নথি রক্ষণ

IRP-র জন্য, IRP-র নিবন্ধীকরণের সহায়ক নথি হিসাবে মাইলের রেকর্ড 6 বছর ধরে রেখে দেওয়া আবশ্যিক।
IFTA-র জন্য, IFTA-র ত্রৈমাসিক জ্বালানি ব্যবহারের কর রিটার্ন সমর্থনকারী মাইলেজ ও জ্বালানির নথিগুলি 4 বছর ধরে রেখে দেওয়া আবশ্যিক।